[redacted]

[redacted]

[redacted]

[

দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক ইকবাল হোসেন, দর্শনা সিডিএল-এর পরিচালক আবু সুফিয়ান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক তানভীর আহম্মেদ এবং ছাত্র শিবিরের দর্শনা সরকারি কলেজের সাধারণ সম্পাদক হামজা ফরাজি।

পিঠা উৎসব শেষে প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন অধ্যক্ষ প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইসলামী শিক্ষা বিভাগের প্রভাষক মোঃ জাকির হোসেন।

দর্শনা ছাত্রীদের মাঝে শীতবস্ত্র বিতরণ

দর্শনা আদর্শ হাফিজিয়া মহিলা মাদ্রাসা ও লিল্লাহ বোডিংয়ের ছাত্রীদের মাঝে শীতবস্ত্র হিসেবে কম্বল বিতরণ করা হয়েছে।

সোমবার সকাল ১০টায় নিজ উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করেন দর্শনা পৌর বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট।

কম্বলগুলো মাদ্রাসার অভিভাবক হিসেবে বুঝে নেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক ইকরামুল হক পিপুল। এ সময় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি সাংবাদিক আওয়াল হোসেন এবং দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আসিফ হাসান।

এ নিয়ে হাবিবুর রহমান বুলেট ইতিপূর্বে দর্শনা সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং রামনগর প্রতিবন্ধী বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে সাড়ে ৩ শত কম্বল বিতরণ করেছেন।

দর্শনায় ফেনসিডিল ভর্তি পিকাপসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ফেনসিডিল ভর্তি পিকাপসহ ১ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত ফেনসিডিল ব্যাবসায়ী দর্শনা পৌরসভার আজমপুর গ্রামের রবিউল ইসলামের ছেলে সজিবকে ৮০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ গ্রেফতার করেছে।

জানাগেছে, গতকাল মঙ্গলবার রাত ৯ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত নেহালপুর ইউনিয়নের নেহালপুর গ্রামের পশ্চিম পাড়ার মাঠে।

এ সময় দর্শনা থানার হিজলগাড়ী ক্যাম্প পুলিশের এএসআই সগীর হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে নেহালপুর পশ্চিম পাড়ার ফাঁকা মাঠের পাকা রাস্তার উপর।সে সময় পুলিশ মাদক বহন কাজে ব্যাবহিৃত পিকআফ তল্লাশি করে ৮০ ফেনসিডিল উদ্ধার করে। এ ঘটনায় ১ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ ও পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনা কেরুজ বাংলা মদ বোতলজাত বন্ধের আবারও নিদের্শনা জারি

দর্শনা কেরুজ বাংলা মদ বোতলজাত করণ বন্ধের নিদের্শনা জারি করে স্বরাষ্ট্র মন্ত্রালয়ের সহকারী সচিব বোতল জাত করন বন্ধের পত্র প্রেরণ করেছে। গতকাল বুধবার এ নিষেধাজ্ঞা জারি করে কেরু চিনিকলের ব্যবস্থপনা পরিচালকসহ বিভিন্ন দপ্তরে প্রেরণ করা হয় এ চিঠি। হঠাৎ

করে বৃটিশ আইনকে তোয়াক্কা না করে নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান এ সিদান্ত নেয়।

সে বোতল জাত করার জন্য তড়িঘড়ি করে দৌড়ঝাঁপ শুরু করে বলে জানায় শ্রমিক কর্মচারী। সে কোন কিছুর তোয়াক্কা না করে বাংলা মদ বোতলজাত করার সিদ্ধান্ত নেওয়ায় শ্রমিক ও কর্মচারী এবং শ্রমিক নেতাদের মধ্যে মিশ্র প্রতিক্রীয়া দেখা দিয়েছে এ চিনিকলে।

এরপর দ্বিতীয়বারের মত আবারও মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর, ৪১, কেরুজ বাংলা মদ বোতলজাত করণ বন্ধের নিদের্শনা জারি করেছে। এ পত্রে বলা হয় বাংলাদেশ গেজেট-২০২২ উল্লেখ থাকার পরও পরিবেশ অধিদপ্তরে ছাড়পত্র না নিয়ে কেরু এন্ড কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড দেশীয় মদ বাংলা মদ বোতল জাতকরণ করা নির্দেশ প্রদান করেন।

গত ১১,১২,২০২৪ পলিথিন প্লাষ্টিক বোতল বর্জন পরিষদ এর আবেদনের প্রেক্ষিতে প্লাষ্টিক বোতলে পণ্য স্বাস্থ্যসম্মত কিনা যাচাই বাচাই না করে বোতল জাত করা যাবে না। এছাড়া রাসায়নিক পরীক্ষাগারে পন্য সমগ্রী কতটা স্বাস্থ্য সম্মত বা পরিবেশ দুষনমুক্ত তা পরিবেশ অধিদপ্তরের ছাড় পত্র না নিয়ে বোতল করা সঠিক নয়।এ বিষয়ে কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসানের সাথে মুঠো ফোনে যোগাযোগ করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

দর্শনায় এক কসাইকে ১০ হাজার টাকা জরিমানা

দর্শনা পৌর পিলখানায় পেটে বাছুরসহ গাভী গরু জবাই করায় নাসীর উদ্দিন কসাইকে ভাম্যমান আদালতে ১০ হাজার টাকা জরিমানা করেছে।

মঙ্গলবার ভোর ৫টার দিকে দর্শনা পৌরসভা পিলখানায় একটি গাভীন গরু জবাই করে নাসীর কসাই। এসময় পিলখানা পরিদর্শক মোমিনুল ইসলাম বিষয়টি দেখে পৌরসভার প্রসাশক কে এইচ এম তাসফিকুর রহমান ও পৌর ইঞ্জিনিয়ার সাজেদুল আলম, পৌর কর্মকতা হারুন অর রশিদ ও আব্দুর

রাজ্জাককে খবর দেয়।

এরপর পৌরসভার প্রসাশক কে এইচ এম তাসফিকুর রহমান কসাই নাসীর উদ্দিনকে থানায় সোর্পদ করার নির্দেশ দেন।

এরপর সকাল ১১টার দিকে দর্শনা থানায় নিবার্হী ম্যাজিট্রেট দায়িত্ব নিয়ে এইচ এম তাসফিকুর রহমান এক ভাম্যমান আদালত বসিয়ে রামনগর ঘুঘুডাঙ্গা পড়ার বড়োর ছেলে বহুল আলোচিত নাসীর উদ্দিন কসাইকে ১০ হাজার টাকা জরিমানা করেন। এবং ঐ গরুর মাংশ বিনষ্ট করে মাটিতে পুতে ফেলার নির্দেশ প্রদান করেন।

এছাড়া দর্শনা পৌরসভার পিলখানায় গরু জবাই করতে হলে প্রানী সম্পদ কর্মকতার্র পরীক্ষা-নিরিক্ষা করা ছাড়া গরু জবাই করা যাবে না বলে নির্দেশনা প্রদান করেন। এরপর কসাই নাসীর উদ্দিনকে ১০ হাজার টাকা জরিমানা করে ছেড়ে দেন।

এ বিষয়ে দর্শনা পৌর প্রশাসক এইচ এম তাসফিকুর রহমান জানান, স্থানীয় বেশ কয়েজন জানান প্রায় প্রায় এ পিলখানায় জবাই করা গরুর বাছুরসহ ফেলে রাখতে দেখা যায়। এছাড়া ঐ মৃতু গরুর বাছুরকে কুকুরে টেনে হেচড়ে খেতে দেখা যায় বলে জানান স্থানীয় লোকজন। স্থানীয় ক্রেতারা জানান কসাই নাসির প্রায় প্রায় এ রকম গরু জবাই করে।এর আগেও কয়েকবার এরকম ঘটনার জন্য জেল খাটতে হয়েছে।

দর্শনা চেকপোস্টে বিজিবি ঘুষিতে মাইক্রো চালক আহত

চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক চেকপোস্টে ক্যান্সার রোগীকে নামানোর ঘটনায় মন্টু মিয়া (৪০) নামে এক ড্রাইভারকে মুখে ঘুষি মেরে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে ৬ বিজিবি সদস্যদের বিরুদ্ধে।

আজ সোমবার (৩০ ডিসেম্বর) সকাল ৯টার দিকে দর্শনা সীমান্তের চেকপোস্টের আইসিপি ভবনের সামনে এ ঘটনা ঘটে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনায় যথাযোগ্য মর্যদায় মহান বিজয় দিবস পালিত

দর্শনায় যথাযোগ্য মর্যদায় নানা আয়োজনে মহান বিজয় দিবস পালিত হয়েছে। এ সব কর্মসূচির মধ্যে ছিলো রাত ১২টা ১ মিনিটে চিনিকল মুক্তিযোদ্ধা কমান্ড ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের তোপধ্বনী, এ উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে নিজ নিজ প্রতিষ্ঠানে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন, দর্শনা কেরুজ আনন্দবাজার স্মৃতিস্তম্ভে পুস্পমাল্য অর্পন, শপত বাক্য পাঠ, দোয়া মাহফিল ও সংক্ষিপ্ত আলোচনা করেন।

চুয়াডাঙ্গা জেলা জামায়েতের সহকারী সেক্রেটারী আব্দুল কাদের ও পৌর আমির সাইকুল আলম অপু, দর্শনা পৌর বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট ও শ্রমিক দলের জেলা সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, কেরু চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান, কেরুজ শ্রমিক ও কমূচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ ও সাবেক শ্রমিক নেতা হাফিজুল ইসলাম ও মাসুদ সংগঠনের কর্নধর সৌমিক হাসান রুপমসহ সংগঠনের নেতৃবৃন্দ শহীদ মিনারে ফুলেল শুভেচ্ছা জানায়।

দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ওসমান আলী। এরপর দর্শনা পৌরসভাসহ দর্শনা পৌরসভার আয়োজনে নিজ নিজ প্রতিষ্ঠানে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন, দর্শনা কেরুজ আনন্দবাজার স্মৃতিস্তম্ভে পুস্পমাল্য অর্পন, শপত বাক্য পাঠ, দোয়া মাহফিল ও সংক্ষিপ্ত আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা জামায়েতের সহকারী সেক্রেটারী আব্দুল কাদের ও পৌর আমির সাইকুল আলম অপু, দর্শনা পৌর বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট ও শ্রমিক দলের জেলা সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী সংস্থা, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন, বিজয় দিবসের নানা কর্মসুচি পালন করেছেন।

এসব কর্মসূচির মধ্যে ছিলো, সকাল সাড়ে ৮টায় দর্শনা কেরু চিনিকলের

ফুটবল মাঠে নিজ নিজ সংগঠনের ব্যানার নিয়ে উপস্থিতি।

১৬ ডিসেম্বর সোমবার সকাল ৯টায় জাতীয় সংগীতের সাথে সাথে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন।চিনিকল কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগীতা সহ বিভিন্ন প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া বিজয় দিবসে কেরুজ জেনারেল অফিস, ডিষ্টিলারী কারখানা, কেরুজ ক্লাব ও ইউনিয়ন অফিস আলোকসজ্জা করা হয়েছে। সবশেষে সন্ধায় কেরুজ ক্লাব মাঠে সাংস্কৃতিক সন্ধার আয়োজন করা হয়।এসব সংগঠনের মধ্যে ছিলো দর্শনা পৌরসভা, দর্শনা মুক্তিযোদ্ধা সংসদ, ওয়েভ ফাউন্ডেশন, দর্শনা অনিবার্ণ থিয়েটার, দর্শনা প্রেসক্লাব, দর্শনা সরকারী কলেজ, দর্শনা রিক্সা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, চুয়াডাঙ্গা আন্তঃ ট্রাংকলরী শ্রমিক ইউনিয়ন, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়, হিন্দোল সংগীত পরিষদ, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগার, শান্তি নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দর্শনা ডি এস ফাযিল ডিগ্রী মাদ্রাসা, দর্শনা দক্ষিন চাঁদপুর মাধ্যামিক বিদ্যালয়, দর্শনা বালিকা মাধ্যমিক বিদ্যালয়, মাথাভাঙ্গা যুব সংঘ, পশ্চিম রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দক্ষিন চাঁদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, মৌচাক সামাজিক উন্নয়ন সংস্থা, অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা সরকারী কলেজের সাবেক ভিপি হারুন অর রশিদ ও নাটুদহ হাই স্কুলের শিক্ষক আনোয়ার হোসেন।

দর্শনায় সাদা ৫ জাতের পেয়ারায় স্বপ্ন দেখছেন ওমর ফারুক

চাকরির পিছনে না ছুটে কৃষি কাজকে ভালোবেসে লেখাপড়ার পাশাপাশি বারোমাসি সাদা ৫ জাতের পেয়ারায় স্বপ্ন দেখছেন চুয়াডাঙ্গা জেলার দর্শনা নাস্তিপুর গ্রামের তরুণ উদ্যেক্তা ওমর ফারুক। শখের বসে ১০ কাটা জমিতে দুইশত পেয়ারার চারা রোপণ করে সফলতা পাওয়ার পাশাপাশি নিজেকে সাবলম্বী হিসেবে গড়ে তুলেছেন তরুণ এই উদ্যোক্তা।

ওমর ফারুক বলেন পেয়ারার অন্যান্য অনেক জাত থাকলেও সাদা ৫ জাতের পেয়ারায় ফলন বেশি পাওয়া যায় এবং স্বাদও বেশি। বারোমাস গাছে পেয়ারা থাকায় এর চাহিদা বেশি, পাশাপাশি বাজার মূল্য ভালো পাওয়া যায়। আমার পেয়ারা বাগানের বয়স এখন দুই বছর। শুরুতে বাগান তৈরিতে চারা কেনা, জমি প্রস্তুত করা, সার, ঔষধ ইত্যাদি কিনতে আমার প্রায় ১ লক্ষ টাকা মতো খরচ হয়েছিল। বাগান শুরুর ৭ মাস পর থেকে আমি পেয়ারা বিক্রি করি। সাদা ৫ জাতের পেয়ারায় রোগ বালাই কম দেখা যায়। রোগ বালাই বলতে ছত্রাক দেখা যায় এবং গাছের ডাল পঁচা রোগ দেখা যায় এক্ষেত্রে ওষুধ দিলেই এর সমাধান করা যায়। পেয়ারার একটু পরিচর্যা করলেই অধিক ফলন ও মুনাফা পাওয়া যায়।

উদ্যেক্তা ওমর ফারুক আরও বলেন আমার বাবা কৃষি কাজ করে, আমি কৃষক পরিবারের সন্তান। ছোটবেলা থেকেই কৃষি কাজ ভালো লাগে। আমি পড়াশোনা করেছি কৃষি বিষয় নিয়ে, এতে করে আমার অনেক সুবিধা হচ্ছে চাষ করতে। চাকরির প্রতি আমার কোন আগ্রহ নেই আমি কৃষি কাজ নিয়েই থাকবো। আমি মেহেরপুর প্রতিদিন কে বিশেষভাবে ধন্যবাদ দিতে চাই আমার গল্প তুলে ধরার জন্য। কারন আমার এই বাগান দেখে অনেক তরুণ কৃষি কাজে আগ্রহ দেখাবে।

দর্শনায় ৪ জন ওয়ারেন্ট ভুক্ত আসামি গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে জি আর সি আর মামলার ৪ ওয়ারেন্ট ভুক্ত আসামীকে গ্রেফতার করেছে।

জানাযায় আজ শুক্রবার দিবাগত গভীর রাতে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় বিভিন্ন গ্রামে।

এ সময় দর্শনা থানার পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামে। সে সময় পুলিশ মৃত্য খোয়াজ আলী ওরফে ফুয়াদ আলীর ছেলে জি আর মামলার ওয়ারেন্ট ভুক্ত আসামী ডাবলু (৩৭) পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের পারকৃষ্ণপুর গ্রামের ইসলামের ছেলে সি আর মামলার ওয়ারেন্ট ভুক্ত

আসামী সপুর আলী (৪৫) দর্শনা থানার দোস্ত গ্রামের মাসুদ মিয়ার ছেলে জি আর মামলার নিয়মিত মামলার আসামী নয়ন (৩২) ও দর্শনা থানার চাকুলিয়া গ্রামের মুনছুর আলীর ছেলে নিয়মিত মামলার ওয়ারেন্ট ভুক্ত আসামী মনির হোসেনকে (৪৫) নিজ নিজ বাড়ি থেকে তাদের ৪ ওয়ারেন্ট ভুক্ত আসামীকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতদের চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করেছে।